বিষয়: অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।

২১। আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে নথিটি পুনরায় উপস্থাপন করা হলো।

২২। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন পদে জনবল নিয়োগের লক্ষ্যে বুয়েট কর্তৃক প্রার্থীর লিখিত পরীক্ষা গত ০৪/০৭/২০২৫ তারিখ শুক্রবার দুই শিফটে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সকল পদের লিখিত পরীক্ষার ফলাফল ইতোমধ্যে বুয়েট কর্তৃক প্রস্তুত করা হয়েছে। গত ১১/০৯/২০২৫ তারিখ অনুষ্ঠিত উচ্চতর সিলেকশন বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক ১২টি পদের মধ্যে সহকারী প্রকৌশলী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার) ও সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) পদের ফলাফল এমআইএস এন্ড বিলিং বিভাগ কর্তৃক ঢাকা ওয়াসার ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে এবং উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৯/০৯/২০২৫, ৩০/০৯/২০২৫ এবং ০৫/১০/২০২৫ তারিখ সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়েল নির্দেশনা মোতাবেক নির্দেশনা মোতাবেক সহকারী প্রকৌশলী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার) ও সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) পদে মোট ১০৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে ক্যাটাগরী ওয়াইজ রোল নম্বর জেনারেটকরন, প্রার্থীদের অনুকূলে অনলাইনে প্রবেশপত্র ইস্যুসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ এমআইএস এন্ড বিলিং বিভাগ কর্তৃক সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক উল্লেখিত তিনটি পদে প্রার্থীদের মৌখিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে ক্যাটাগরী ওয়াইজ রোল নম্বর জেনারেটসহ প্রার্থীদের অনুকূলে অনলাইনে প্রবেশপত্র ইস্যুসহ প্রশাসনিক কাজসমূহ সচিব মহোদয়সহ প্রশাসন বিভাগ-১ এর কর্মকর্তা ও সহায়কের মাধ্যমে সুচারুপে সম্পন্ন করা হচ্ছে।

২৪। উল্লেখিত ৩টি পদে মৌখিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ কাজসমূহ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়সহ এমআইএস এন্ড বিলিং বিভাগের সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামারসহ ৪জন কর্মকর্তা মৌখিক পরীক্ষার এডমিট কার্ড Recruitment Software আপলোডের কার্যক্রম করে যাচ্ছে। এছাড়াও, এডমিট কার্ড জেনারেটের প্রশাসনিক কাজসমূহ সচিব মহোদয়সহ প্রশাসন বিভাগ-১ এ সংশ্লিষ্ট কাজে মোট ০৩ জন কর্মকর্তা সাপ্তাহিক ছুটির দিন এবং অফিস সময়ের পরও এমআইএস এন্ড বিলিং বিভাগের সাথে যোগাযোগ করে কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে, ২ জন কর্মকর্তা'র ৫,০০০/- x ২ জন = ১০,০০০/-, ৩ জন কর্মকর্তা'র ২,৫০০/- x ৩ জন = ৭,৫০০/-, ২ জন কর্মকর্তা'র ২,০০০/- x ২ জন = ৪,০০০/-, ১ জন কর্মকর্তা'র ১,৫০০/- x ১ জন =১,৫০০/- এবং ৩ জন সহায়কের ১,০০০/- x ৩ জন = ৩,০০০/- টাকা হারে সর্বমোট =(১০,০০০/- + ৭,৫০০/- + ৪,০০০/- + ১,৫০০/- + ৩,০০০/-) = ২৬,০০০/- (ছাব্বিশ হাজার) টাকা প্রয়োজন। উল্লেখ্য, সাপ্তাহিক ছুটির দিন ও অফিস সময়ের পর কর্মকর্তাদের আপ্যায়ণ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা প্রয়োজন।

২৫। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত কাজের জন্য ০৮ জন কর্মকর্তা ও ৩ জন সহায়কের সম্মানী ভাতা বাবদ সর্বমোট = **২৬,০০০/-** এবং আপ্যায়ণ বাবদ ২,০০০/- টাকা সহ সর্বমোট (২৬,০০০+২,০০০) = **২৮,০০০/- (আটাশ হাজার) টাকার অস্থায়ী অগ্রিম** উপ-সচিব প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে প্রদান করা যেতে পারে। প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

২২.০৯.২৫

২২/০৯/২৫

সাজেদা পারভীন
অফিস সুপারিনটেনডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা

মোঃ মাহবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

নুরুজ্জামান মিয়াজী
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

২২/০৯/২৫

DMD(HR & Admin)

ঢাকা ওয়াসা

২৬। নোটানুচ্ছেদ ২১-২৫ সদয় অবলোকন করা যেতে পারে। নিয়োগ কার্যক্রমের নিমিত্তে নোটানুচ্ছেদ ২৫ সদয় অনুমোদন করা যেতে পারে।

মো: আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

DS (Ad-1)

DS-AA
25.09.25